

বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন শাখা

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত বাপক-এর বিদ্যমান নৈতিকতা কমিটির ২য় সভার
কার্যবিবরণী।

সভাপতি	আখতারুজ্জামান খান কবির চেয়ারম্যান
সভার তারিখ	১৮-১২-২০১৮
সভার সময়	সকাল : ১১:০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, প্রধান কার্যালয়, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট - “ক”

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত বাংলাদেশ পর্যটন করপোরেশনের বিদ্যমান নৈতিকতা কমিটির ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর-১৮) সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম সূচনা করেন। অতঃপর তিনি বাপক কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা (২০১৮-২০১৯) ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ এর নির্ধারিত ১১ টি বিষয়ে ধার্যকৃত লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতির বিষয়ে বিভাগ/শাখাওয়ারী পর্যালোচনা করেন। এ পর্যায়ে শুদ্ধাচার কমিটির ফোকাল পয়েন্ট ও মহাব্যবস্থাপক, প্রশাসন গত ২৪-০৯-২০১৮ তারিখ অনুষ্ঠিত ১ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন। উপস্থিত বিভাগীয় প্রধানগণ তাঁদের স্ব স্ব বিভাগের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরে বক্তব্য রাখেন।

২.০ সভাপতি জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ এর ২য় কোয়ার্টারে (অক্টোবর-ডিসেম্বর-১৮) ধার্যকৃত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত সার্বিক বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.০ সিদ্ধান্ত :

- (১) বাংলাদেশ পর্যটন করপোরেশনের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা (২০১৮-২০১৯) এর ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর-১৮) অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করতে হবে ;
- (২) বাংলাদেশ পর্যটন করপোরেশন এর প্রধান কার্যালয়সহ সকল বাণিজ্যিক ইউনিটের কর্মকর্তা/কর্মচারীদের অফিস চলাকালীন official ড্রেস পরিধান করা। মহাব্যবস্থাপক (প্রশাসন), ফোকাল পয়েন্ট হিসেবে বিষয়টি প্রত্যক্ষভাবে মনিটরিং করবেন ;
- (৩) বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃক আগামী জানুয়ারি ২০১৯ মাসের ৩য় সপ্তাহে পর্যটন সেবা সপ্তাহ পালন করা হবে। এ বিষয়ে ব্যবস্থাপক (প্রশাসন) ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন এবং বাণিজ্যিক বিভাগ আনুষঙ্গিক সহায়তা প্রদান করবে ;
- (৪) গণ কর্মচারী শৃংখলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ ১৯৮২ ; সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯; তথ্য অধিকার আইন, ২০০৯ সহ আরো দাপ্তরিক আইন ও বিধিমালার উপর পিটিএস বিভাগ ও এনএইচটিটিআই প্রশিক্ষণের আয়োজন করবে এবং প্রশিক্ষণের শুরুতে অথবা সমাপনী অনুষ্ঠানে মন্ত্রণালয়ের কর্মকর্তাকে আমন্ত্রণ জানাতে হবে ;
- (৫) আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০১৮-১৯ সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত বাণিজ্যিক বিভাগ ও পিটিএস বিভাগ কর্মশালা আয়োজন করবে ;
- (৬) তথ্যপ্রযুক্তির ব্যবহার করে অনলাইনে গণশুনাগী গ্রহণ করা যায় কিনা, সে বিষয়ে আইসিটি বিভাগ

পরীক্ষা/নিরীক্ষা করে প্রতিবেদন দাখিল করবে ;

(৭) পরবর্তী অর্থবছরে উত্তম চর্চার (Best Practices) তালিকায় (ক) কর্মকর্তা/কর্মচারীদের অফিসিয়াল পোষাক-পরিচ্ছদ পরিধান (খ) হোটেল-মোটেলে আগত অতিথিদের ওয়েলকাম মেসেজ প্রদান, ওয়েলকাম ড্রিংকসসহ প্রদান, বান্দরবান-খাগড়াছড়ি-রাংগামাটি-দিনাজপুর ও কুয়াকাটা ইউনিটে আগত অতিথিদের স্থানীয় নৃগোষ্ঠীর অংশগ্রহণে নৃত্য বা গানের সূরমূর্ছনার মাধ্যমে স্বাগত জানানো।

(গ) অতিথি সেবার Feed back গ্রহণ/প্রেরণ।

(ঘ) সভাপতি পরবর্তী কোয়ার্টারগুলোতে এ ধারা অব্যাহত রাখার জন্য সচেষ্ট থাকতে অনুরোধ জানান।

২.০ সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

আখতারুজ্জামান খান কবির
চেয়ারম্যান

স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০২১.১৮.৫৭০.১৮.১০৯২

তারিখ: ৯ পৌষ ১৪২৫
২৩ ডিসেম্বর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাব্যবস্থাপক-----, (সকল), বাপক।
- ২) অধ্যক্ষ, এনএইচটিআই, বাপক, মহাখালী, ঢাকা।
- ৩) ব্যবস্থাপক, এস্টেট, বাপক, ঢাকা।
- ৪) ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৫) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৬) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৭) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৮) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৯) সহকারী নির্বাহী কর্মকর্তা, আইসিটি বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন

রমেন্দ্র নাথ মণ্ডল
উপব্যবস্থাপক